# এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন

## (এপ্রিল-জুন ২০১৭)

**ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

# এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন
# (এপ্রিল-জুন ২০১৭)

## প্রারম্ভিক:


বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় গ্রামাঞ্চল কিংবা যেখানে প্রচলিত ব্যাংকিং সেবা প্রদান করা লাভজনক নয় সেসব অঞ্চল ও ভৌগলিকভাবে বিচ্ছিন্ন চরাঞ্চলসহ বাংলাদেশের প্রত্যন্ত এলাকার সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে ব্যয় সাশ্রয়ীভাবে ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকগুলোর সহায়তায় এজেন্ট ব্যাংকিং কার্যক্রম শুরু করা হয়। ২০১৩ সালে সর্বপ্রথম ব্যাংক এশিয়া লি.-কে এজেন্ট ব্যাংকিং লাইসেন্স প্রদান করা হয়। এ পর্যন্ত ১৭ টি তফসিলি ব্যাংককে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করা হয়েছে। তন্মধ্যে, ১২ টি কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং ১ টি ব্যাংক সবেমাত্র কার্যক্রম শুরু করেছে।

নিম্নে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী ১২ টি ব্যাংকের ৩০ জুন ২০১৭ তারিখ ভিত্তিক তথ্য তুলে ধরা হলো:

*(কোটি টাকায়)*

| ক্র: নং | ব্যাংক | এজেন্টের সংখ্যা | এজেন্ট আউটলেটের সংখ্যা | হিসাব সংখ্যা | | | ইনওয়ার্ড রেমিট্যান্স | মোট স্থিতি |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট | | |
| ১ | ডাচ-বাংলা ব্যাংক লি. | ৪৪২ | ১,৪৫৪ | ৪,৩৮,৬৯৫ | ১,৩৬,৪৯০ | ৫,৭৫,১৮৫ | ৩৫০.০০ | ২৮৬.৪৩ |
| ২ | ব্যাংক এশিয়া লি. | ১,১৯২ | ১,২৩৮ | ১,০৮,৮২১ | ৯২,২৯০ | ২,০১,১১১ | ৩৫৯.২১ | ১৪০.৯৬ |
| ৩ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. | ৬২ | ৯০ | ৩১,০৫৩ | ১৮,৭৫৬ | ৪৯,৮০৯ | ১৬৬.৮৭ | ১৯২.৭৪ |
| ৪ | সোস্যাল ইসলামী ব্যাংক লি. | ১ | ৬০ | ৮,২৩০ | ৮,৫০৯ | ১৬,৭৩৯ | ০.২৬ | ০.৮১ |
| ৫ | মধুমতি ব্যাংক লি. | ১০০ | ১০০ | ৩,৩৭২ | ১,৯৩৪ | ৫,৩০৬ | ০.৩৪ | ০.৮৯ |
| ৬ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. | ২২ | ২৫ | ৩,৯৭৫ | ২,৫৭২ | ৬,৫৪৭ | ৭.৫০ | ১৬.৮৫ |
| ৭ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. | ৩ | ২০৩ | ২,৯৬৪ | ২,০৪২ | ৫,০০৬ | ০.০৩ | ১.৩৭ |
| ৮ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি. | ১১ | ১১ | ১,৯১৪ | ১,১০৬ | ৩,০২০ | ২.৭১ | ৫.০২ |
| ৯ | অগ্রণী ব্যাংক লি. | ১ | ৩০ | ৪,২৬৭ | ২,২৯৪ | ৬,৫৬১ | ২.৮৬ | ০.৯৬ |
| ১০ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | ৯ | ৯ | ২,০৪৭ | ১,২০৩ | ৩,২৫০ | ০.৩২ | ৪.৩২ |
| ১১ | মিডল্যান্ড ব্যাংক লি. | ২ | ২ | ৩৯ | ৪৪ | ৮৩ | ০.০২ | ০.০৮ |
| ১২ | দি সিটি ব্যাংক লি. | ২ | ২ | ২২৩ | ২৫ | ২৪৮ | ০.০৭ | ০.৭৮ |
| | মোট | ১,৮৪৭ | ৩,২২৪ | ৬,০৫,৬০০ | ২,৬৭,২৬৫ | ৮,৭২,৮৬৫ | ৮৯০.১৯ | ৬৫১.২১ |

## হিসাব সংখ্যা:




জুন ২০১৭ পর্যন্ত মোট হিসাবের সংখ্যা ৮,৭২,৮৬৫ টি যাদের মধ্যে ৬,০৫,৬০০ টি পুরুষ এবং ২,৬৭,২৬৫ টি মহিলা হিসাবধারী কর্তৃক পরিচালিত। হিসাব সংখ্যার বিবেচনায় ডাচ-বাংলা ব্যাংক লি. এর পর যথাক্রমে ব্যাংক এশিয়া লি. ও আল-আরাফাহ ইসলামী ব্যাংকের অবস্থান।

| ক্র: নং | ব্যাংক | হিসাব সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর/১৬ পর্যন্ত | মার্চ/১৭ পর্যন্ত | জুন/১৭ পর্যন্ত | পরিবর্তন |
| ১ | ডাচ-বাংলা ব্যাংক লি. | ৩,৬৭,৬২৬ | ৪,৭৭,৯৯৩ | ৫,৭৫,১৮৫ | ৯৭,১৯২ |
| ২ | ব্যাংক এশিয়া লি. | ১,৩০,০৪৭ | ১,৬২,৩৭৮ | ২০১,১১১ | ৩৮,৭৩৩ |
| ৩ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. | ৩০,৫৬৪ | ৪০,৭২১ | ৪৯,৮০৯ | ৯,০৮৮ |
| ৪ | সোস্যাল ইসলামী ব্যাংক লি. | ৫,৩০৮ | ১০,৪৩৩ | ১৬,৭৩৯ | ৬,৩০৬ |
| ৫ | মধুমতি ব্যাংক লি. | ১,০৭৬ | ১,৮৮৫ | ৫,৩০৬ | ৩,৪২১ |
| ৬ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. | ২,৫০৫ | ৪,৫৭১ | ৬,৫৪৭ | ১,৯৭৬ |
| ৭ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. | ৩,২৮০ | ৪,২৩৯ | ৫,০০৬ | ৭৬৭ |
| ৮ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি. | ১,৬৪১ | ২,৫৬৬ | ৩,০২০ | ৪৫৪ |
| ৯ | অগ্রণী ব্যাংক লি. | ১,৮৫৬ | ৫,৬১৮ | ৬,৫৬১ | ৯৪৩ |
| ১০ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | ৬৩৩ | ২,০৫২ | ৩,২৫০ | ১,১৯৮ |
| ১১ | মিডল্যান্ড ব্যাংক লি. | ০ | ৪৩ | ৮৩ | ৪০ |
| ১২ | দি সিটি ব্যাংক লি. | ০ | ০ | ২৪৮ | ২৪৮ |
| | **মোট** | **৫,৪৪,৫৩৬** | **৭,১২,৪৯৯** | **৮,৭২,৮৬৫** | **১,৬০,৩৬৬** |

এপ্রিল-জুন ২০১৭ মেয়াদে ১২ টি ব্যাংকের এজেন্ট ব্যাংকিং আউটলেটের মাধ্যমে মোট ১,৬০,৩৬৬ টি নতুন হিসাব খোলা হয়েছে। তন্মধ্যে, ডাচ-বাংলা ব্যাংক লি., ব্যাংক এশিয়া লি., আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. এবং সোস্যাল ইসলামী ব্যাংক লি. কর্তৃক যথাক্রমে ৯৭,১৯২ টি, ৩৮,৭৩৩ টি, ৯,০৮৮ টি এবং ৬,৩০৬ টি হিসাব খোলা হয়েছে। এ ত্রৈমাসিকে মোট হিসাবের সংখ্যা বিগত ত্রৈমাসিকের তুলনায় ২২.৫১% বৃদ্ধি পেয়েছে।

## স্থিতি:



জুন ২০১৭ পর্যন্ত এজেন্ট ব্যাংকগুলোর মোট স্থিতির পরিমাণ ৬৫১ কোটি ২১ লক্ষ টাকা। তন্মধ্যে, ডাচ-বাংলা ব্যাংক লি., আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. ও ব্যাংক এশিয়া লি. এর স্থিতির পরিমাণ যথাক্রমে ২৮৬ কোটি ৪৩ লক্ষ, ১৯২ কোটি ৯৬ লক্ষ এবং ১৪০ কোটি ৯৬ লক্ষ টাকা।


*(কোটি টাকায়)*

| ক্র: নং | ব্যাংক | এজেন্ট আউটলেটের সংখ্যা | মোট স্থিতি | আউটলেট প্রতি স্থিতি |
|---|---|---|---|---|
| ১ | ডাচ-বাংলা ব্যাংক লি. | ১,৪৫৪ | ২৮৬.৪৩ | ০.২০ |
| ২ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. | ৯০ | ১৯২.৭৪ | ২.১৪ |
| ৩ | ব্যাংক এশিয়া লি. | ১,২৩৮ | ১৪০.৯৬ | ০.১১ |
| ৪ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. | ২৫ | ১৬.৮৫ | ০.৬৭ |
| ৫ | সোস্যাল ইসলামী ব্যাংক লি. | ৬০ | ০.৮১ | ০.০১ |
| ৬ | মধুমতি ব্যাংক লি. | ১০০ | ০.৮৯ | ০.০১ |
| ৭ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. | ২০৩ | ১.৩৭ | ০.০১ |
| ৮ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি. | ১১ | ৫.০২ | ০.৪৬ |
| ৯ | অগ্রণী ব্যাংক লি. | ৩০ | ০.৯৬ | ০.০৩ |
| ১০ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | ৯ | ৪.৩২ | ০.৪৮ |
| ১১ | মিডল্যান্ড ব্যাংক লি. | ২ | ০.০৮ | ০.০৪ |
| ১২ | দি সিটি ব্যাংক লি. | ২ | ০.৭৮ | ০.৩৯ |
| | **মোট** | **৩,২২৪** | **৬৫১.২১** | ০.২০ |

আউটলেটের তুলনায় স্থিতির পরিমাণ বিবেচনায় পরিলক্ষিত হয় যে, ডাচ-বাংলা ব্যাংক লি. এর সবচেয়ে বেশী আউটলেট থাকলেও আউটলেট প্রতি স্থিতির পরিমাণ ২০ লক্ষ টাকা এবং এর পরেই ব্যাংক এশিয়া লি. অবস্থান করলেও আউটলেট প্রতি স্থিতির পরিমাণ ১১ লক্ষ টাকা। এছাড়া, মধুমতি ব্যাংক লি. ও সোস্যাল ইসলামী ব্যাংক লি. এর আউটলেট প্রতি স্থিতির পরিমাণ ১ লক্ষ টাকা যা অন্যান্য ব্যাংকগুলোর মধ্যে সবচেয়ে কম। অপরদিকে, আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. এর আউটলেট প্রতি স্থিতির পরিমাণ ২ কোটি ১৪ লক্ষ টাকা যা অন্যান্য ব্যাংকগুলোর মধ্যে সবেচেয়ে বেশী। এর পরেই অবস্থান করছে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. যার আউটলেট প্রতি স্থিতির পরিমাণ ৬৭ লক্ষ টাকা।


*(কোটি টাকায়)*

| ক্র: নং | ব্যাংক | স্থিতি | | | |
|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর/১৬ পর্যন্ত | মার্চ/১৭ পর্যন্ত | জুন/১৭ পর্যন্ত | পরিবর্তন |
| ১ | ডাচ-বাংলা ব্যাংক লি. | ১৮৬.৩১ | ২২৬.৮৩ | ২৮৬.৪৩ | ৫৯.৬০ |
| ২ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. | ৮০.২৪ | ১১৯.৯৬ | ১৯২.৭৪ | ৭২.৭৮ |
| ৩ | ব্যাংক এশিয়া লি. | ১০৫.৫৭ | ১১৬.৭২ | ১৪০.৯৬ | ২৪.২৪ |
| ৪ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. | ৩.৪৫ | ৯.৩৩ | ১৬.৮৫ | ৭.৫২ |
| ৫ | সোস্যাল ইসলামী ব্যাংক লি. | ০.৬০ | ০.৬৮ | ০.৮১ | ০.১৩ |
| ৬ | মধুমতি ব্যাংক লি. | ০.৪৭ | ০.৫৮ | ০.৮৯ | ০.৩১ |
| ৭ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. | ০.৩৫ | ০.৬৪ | ১.৩৭ | ০.৭৩ |
| ৮ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি. | ২.২৯ | ৩.৩৭ | ৫.০২ | ১.৬৫ |
| ৯ | অগ্রণী ব্যাংক লি. | ০.৪০ | ১.২৭ | ০.৯৬ | -০.৩১ |
| ১০ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | ১.০০ | ১.৯৭ | ৪.৩২ | ২.৩৫ |
| ১১ | মিডল্যান্ড ব্যাংক লি. | ০.০০ | ০.০৩ | ০.০৮ | ০.০৫ |
| ১২ | দি সিটি ব্যাংক লি. | ০.০০ | ০.০০ | ০.৭৮ | ০.৭৮ |
| | **মোট** | **৩৮০.৬৮** | **৪৮১.৩৮** | **৬৫১.২১** | **১৬৯.৮৩** |





এপ্রিল-জুন ২০১৭ মেয়াদে ১২ টি ব্যাংকের এজেন্ট ব্যাংকিং আউটলেটগুলোর মোট স্থিতির পরিমাণ ১৬৯ কোটি ৮৩ লক্ষ টাকা বা ৩৫.২৮% বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য, ডাচ-বাংলা ব্যাংক লি. এবং ব্যাংক এশিয়া লি. এর আউটলেটের সংখ্যা সবচেয়ে বেশী হলেও আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. এর মাত্র ৯০ টি আউটলেটের মাধ্যমে মোট স্থিতি ৭২ কোটি ৭৮ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। স্থিতি বৃদ্ধিতে এর পরে যথাক্রমে ডাচ-বাংলা ব্যাংক লি. এবং ব্যাংক এশিয়া লি. এর অবস্থান। অপরদিকে, অগ্রণী ব্যাংক লি. এর স্থিতির পরিমাণ ৩১ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

## রেমিট্যান্স:



জুন ২০১৭ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং আউটলেটের মাধ্যমে বিদেশ হতে আগত মোট ৮৯০ কোটি ১৯ লক্ষ টাকার রেমিট্যান্স বিতরণ করা হয়েছে। তন্মধ্যে, ব্যাংক এশিয়া লি., ডাচ-বাংলা ব্যাংক লি. এবং আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. এর আউটলেটগুলোর মাধ্যমে যথাক্রমে ৩৫৯ কোটি ২১ লক্ষ, ৩৫০ কোটি এবং ১৬৬ কোটি ৮৭ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। আলোচ্য ত্রৈমাসিকে মোট ৩১৭ কোটি ৭২ লক্ষ টাকার রেমিট্যান্স প্রদান করা হয়েছে। তন্মধ্যে, ডাচ-বাংলা ব্যাংক লি., ব্যাংক এশিয়া লি. এবং আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. এর আউটলেটগুলোর মাধ্যমে যথাক্রমে ১৩৮ কোটি ৭৪ লক্ষ, ৮৯ কোটি ৩৭ লক্ষ এবং ৮৩ কোটি ৪৫ লক্ষ টাকার রেমিট্যান্স বিতরণ করা হয়েছে।




## আউটলেট:

জুন ২০১৭ পর্যন্ত ১২ টি ব্যাংকের মোট এজেন্টের সংখ্যা ১,৮৪৭ টি এবং এজেন্ট আউটলেটের সংখ্যা ৩,২২৪ টি। এজেন্টের সংখ্যায় ব্যাংক এশিয়া লি. এগিয়ে থাকলেও এজেন্ট আউটলেটের বিবেচনায় ডাচ-বাংলা ব্যাংক লি. এর সবচেয়ে বেশী আউটলেট এবং এর পরেই যথাক্রমে ব্যাংক এশিয়া লি. ও এনআরবি কর্মাশিয়াল ব্যাংক লি. এর অবস্থান। অর্থাৎ, ডাচ-বাংলা ব্যাংক লি. ও এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. কম সংখ্যক এজেন্টের মাধ্যমে অধিক সংখ্যক এজেন্ট আউটলেট পরিচালনা করছে।

এজেন্ট ব্যাংকিং সংক্রান্ত Union Digital Center (UDC) আউটলেটের জুন ২০১৭ ভিত্তিক তথ্য নিম্নে উল্লেখ করা হলো:

*(কোটি টাকায়)*

| ক্রঃ নং | ব্যাংক | এজেন্টের সংখ্যা | এজেন্ট আউটলেটের সংখ্যা | হিসাব সংখ্যা | | | ইনওয়ার্ড রেমিট্যান্স | মোট স্থিতি |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট | | |
| ১ | ব্যাংক এশিয়া লি. | ১,০২২ | ১,০২২ | ৩৪,৩৬৩ | ২৪,৮৮৫ | ৫৯,২৪৮ | ২৯.০০ | ১১.৭৭ |
| ২ | মধুমতি ব্যাংক লি. | ১০০ | ১০০ | ৩,৩৭২ | ১,৯৩৪ | ৫,৩০৬ | ০.৩৪ | ০.৮৯ |
| ৩ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. | ১ | ১৯২ | ২,০৭৪ | ১,৪৪১ | ৩,৫১৫ | ০.০৩ | ১.১০ |
| | **মোট** | **১,১২৩** | **১,৩১৪** | **৩৯,৮০৯** | **২৮,২৬০** | **৬৮,০৬৯** | **২৯.৩৭** | **১৩.৭৬** |

আলোচ্য ত্রৈমাসিকে ২০১ টি নতুন এজেন্ট ব্যাংকিং আউটলেট দেশের বিভিন্ন স্থানে ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে যা আর্থিক অন্তর্ভুক্তিতে ইতিবাচক ভূমিকা রাখবে মর্মে আশা করা যায়।